

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৪৬

১৫/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৫/১৪. হত্যাকারী ওয়ারিস হবে না

بَابِ الْقَاتِلُ لَا يَرِثُ

আরবী

حَدَّتَنَا أَبُو كُرَيْبٍ، وَعَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ، قَالاَ حَدَّتَنَا أَبُو خَالِدِ الأَحْمَرُ، عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، أَنَّ أَبَا قَتَادَةَ، _ رَجُلٌ مِنْ بَنِي مُدْلِج _ قَتَلَ ابْنَهُ فَأَخَذَ مِنْ سَعِيد، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، أَنَّ أَبَا قَتَادَةَ، _ رَجُلٌ مِنْ بَنِي مُدْلِج _ قَتَلَ ابْنَهُ فَأَخَذَ مِنْ الإِبِلِ ثَلاَثِينَ حَقَّةً وَثَلاَثِينَ جَذَعَةً وَأَرْبَعِينَ خَلِفَةً . فَقَالَ أَيْنَ أَخُو الْمَقْتُولِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لَيْسَ لِقَاتِلِ مِيرَاثٌ " .

বাংলা

২/২৬৪৬। 'আমর ইবনে শু'আইব (রহঃ) থেকে বর্ণিত। মুদলিজ গোত্রীয় আবূ কাতাদা নামক এক ব্যক্তি নিজ পুত্রকে হত্যা করে। উমার (রাঃ) তার থেকে একশত উট আদায় করেন, যার মধ্যে ছিল তিরিশটি হিক্কা, তিরিশটি জাযাআ এবং চল্লিশটি গর্ভবতী উদ্ভ্রী। অতঃপর তিনি বললেন, নিহতের ভাই কোথায়? আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ হত্যাকারীর জন্য (নিহতের) উত্তরাধিকার স্বত্ব নাই।

English

It was narrated from 'Amr bin Shu'aib that:

Abu Qatadah, a man from Banu Mudlij, killed his son, and 'Umar took one hundred camels from him, thirty Hiqqah, thirty Jadha'ah and forty Khalifah. Then he said: "Where is the brother of slain? I heard the Messenger of Allah (ﷺ) say: 'The killer does not inherit.'"

ফুটনোট

আহমাদ ৩৪৯, মুয়াতা মালেক ১৬২০, ইরওয়া ১৬৭০, ১৬৭১।

তাহকীক আলবানীঃ সহীহ।



উক্ত হাদিসের রাবী আবু খালিদ আল আহমার সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী কিন্তু তার হাদিস দলীলযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সালেহ কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ ও ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫০৪, ১১/৩৯৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন